



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১/ ১০৯২/৮

তারিখ: ৩০ জুন ২০২১

বিষয়: ২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য প্রণীত অ্যাসাইনমেন্ট কার্যক্রম জুলাই ০১ হতে ০৭, ২০২১ তারিখ পর্যন্ত স্থগিতকরণ।

সূত্র: ১. এনসিটিবি এর স্মারক নং শি:শা: ২২২/৯৪/৯৭৮; তারিখ- ৭ জুন ২০২১

২. মাউশি অধিদপ্তরের স্মারক নম্বর ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৩৯০, ১৩ জুন, ২০২১ এর বিজ্ঞপ্তি।
৩. মাউশি অধিদপ্তরের স্মারক নম্বর ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৩৮৫, ১২ জুন, ২০২১
৪. মাউশি অধিদপ্তরের স্মারক নম্বর ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৩৯৬, ১৮ জুন, ২০২১
৫. ২২ জুন ২০২১খ্রি. এর ভার্চুয়াল সভার সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলমান কোভিড-১৯ অতিমারির কারণে শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে সরাসরি শ্রেণি কার্যক্রমে সম্পৃক্ত করতে না পারায় শিক্ষা মন্ত্রণালয় এর বিকল্প হিসেবে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। ইতোমধ্যে ২০২২ সালের এইচএসসি পরীক্ষার পাঠ্যসূচি পুনর্বিদ্যমান করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পুনর্বিদ্যমান পাঠ্যসূচির ভিত্তিতে শিক্ষার্থীদের শিখন কার্যক্রমে পুরোপুরি সম্পৃক্তকরণ ও ধারাবাহিক মূল্যায়নের আওতায় আনয়নের জন্য জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক বিষয়ভিত্তিক মূল্যায়ন রুব্রিক্স এবং গ্রিডসহ অ্যাসাইনমেন্ট প্রণয়ন করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাংলা, ইংরেজি, পদার্থবিজ্ঞান, পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি, যুক্তিবিদ্যা ও হিসাববিজ্ঞান বিষয়ের মূল্যায়ন রুব্রিক্স ও গ্রিডসহ ১ম ও ২য় সপ্তাহের অ্যাসাইনমেন্ট প্রকাশ করা হয়েছে। কোভিড-১৯ অতিমারির কারণে সরকার কর্তৃক সারাদেশে কঠোর লকডাউন ঘোষণা করায় উক্ত অ্যাসাইনমেন্ট কার্যক্রম জুলাই ০১ হতে ০৭, ২০২১ তারিখ পর্যন্ত স্থগিত করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক

পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১/৯৯১/৮

তারিখ: ৩০ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
- ২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)।
- ৩) পরিচালক, মনিটরিং এন্ড ইভালুয়েশন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৪) অধ্যক্ষ (সকল), সরকারি কলেজ
- ৫) উর্ধ্বতন বিশেষজ্ঞ, বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট, ঢাকা।
- ৬) অধ্যক্ষ (সকল), বেসরকারি কলেজ
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (পত্রটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮) পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক